ত্রৈমাসিক বুলেটিন

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ : ০২ সংখ্যা : ০৪ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ জানুয়ারি ২০১৯ খ্রিঃ

## বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৮ উপলক্ষে ডিপিডিসি পর্যায়ে সেরা বিদ্যুৎ গ্রাহক ও সেরা বিদ্যুৎ কর্মীদের পুরস্কার প্রদান অনুষ্ঠান





২৮ নভেম্বর ২০১৮ ইং তারিখ বিকেল ৪:৩০ ঘটিকায় বিদ্যুৎ ভবনের মুক্তি হলে বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৮ উপলক্ষে সেরা বিদ্যুৎ গ্রাহক ও সেরা বিদ্যুৎ কর্মীদের পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব খালেদ মাহমুদ, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক, প্রকৌশলী তাকসিম এ. খান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডিপিডিসি'র নির্বাহী পরিচালকবৃন্দসহ ডিপিডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং সেরা বিদ্যুৎ কর্মী ও সেরা গ্রাহকবৃন্দ। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ডিপিডিসি'র বিভিন্ন দপ্তরের ৩৬জন গ্রাহককে সেরা বিদ্যুৎ গ্রাহক পুরস্কার এবং ২৭জন কর্মকর্তা/কর্মচারীকে সেরা বিদ্যুৎ কর্মী পুরস্কার প্রদান করা হয়েছে।

প্রধান অতিথি বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৮ উপলক্ষে সেরা বিদ্যুৎ কর্মী ও সেরা বিদ্যুৎ গ্রাহকদের পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করায় ডিপিডিসিকে ধন্যবাদ জানিয়ে বলেন এ ধরনের পুরস্কার বিদ্যুৎ গ্রাহক ও বিদ্যুৎ কর্মীদের মধ্যে উৎসাহ জোগাবে।

## ডিপিডিসি'র আওতাধীন এনওসিএস আদাবর এলাকার দ্বীপ নগর (বেড়িবাঁধ) বস্তি ও সাততলা (মহাখালী) বস্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদান





বিদ্যুৎ উৎপাদন সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা নিশ্চিত করে ২০২১ সালের মধ্যে দেশে শতভাগ মানুষকে বিদ্যুৎ সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তারই অংশ হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্ভাবনী উদ্যোগ 'ঘরে ঘরে বিদ্যুৎ' কর্মসূচির আওতায় সকল স্তরের জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেয়ার জন্য সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ ধারাবাহিকতায় অন্যান্য গ্রাহকদের পাশাপাশি ১০ ডিসেম্বর, ২০১৮ ও ১৯ ৩য় পৃষ্ঠায় দেখুন

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং Energytron, Australia-এর মধ্যে চুক্তি স্বাক্ষর

০৬ ডিসেম্বর, ২০১৮ বিদ্যুৎ ভবনের মুক্তি হলে ডিপিডিসি এবং Energytron, Australia-এর মধ্যে Consultancy Service for Feasibility study of Replacement of Existing Overhead Lines by Underground Distribution Network-এর চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. আহমদ কায়কাউস, সচিব, বিদ্যুৎ বিভাগ, প্রকৌশলী খালেদ মাহমুদ, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, এনার্জিট্রন-এর কান্ট্রি ম্যানেজার রিচার্ড মারফি। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ শফিকউল্লাহ, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, ডিপিডিসি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন Energytron, Australia এবং ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। ডিপিডিসি'র পক্ষে চুক্তি স্বাক্ষর করেন জেনারেল ম্যানেজার (এইচ আর) জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী এবং Energytron, Australia-এর পক্ষে চুক্তি স্বাক্ষর করেন জনাব ওয়াহিদুল ইসলাম।




প্রধান অতিথি বক্তব্যে বলেন যে, উক্ত প্রকল্প বাস্তবায়িত হলে ঢাকা শহরের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নত হবে। প্রাকৃতিক দুর্যোগকালীন গ্রাহকদের নিকট নিরবচ্ছিন্নভাবে মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা যাবে। তাছাড়া বিতরণ লাইনসমূহ আন্ডার গ্রাউন্ড হলে বিভিন্ন দুর্ঘটনা রোধসহ ঢাকা শহরের সৌন্দর্য বৃদ্ধি পাবে।

## মুগদাপাড়া ও মন্ডলপাড়ায় ৩৩/১১ এবং ১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র উদ্বোধন





ডিপিডিসির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান গত ২৪ নভেম্বর ২০১৮ খ্রি. ও ০৩ ডিসেম্বর, ২০১৮ খ্রি. তারিখে যথাক্রমে মন্ডলপাড়া ও মুগদাপাড়া ৩৩/১১ কেভি ৭০ এমভিএ ক্ষমতা সম্পন্ন জিআইএস উপকেন্দ্রের শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (প্রকৌশল), নির্বাহী পরিচালক (অর্থ), প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারী ও ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ। নবনির্মিত উপকেন্দ্র দুটি উন্নয়ন সহযোগী সংস্থা Asian Development Bank (ADB) এর অর্থায়নে 'কনস্ট্রাকশন অব নিউ ১৩২/৩৩ কেভি এন্ড ৩৩/১১ কেভি সাব-স্টেশনস প্রকল্প আন্ডার ডিপিডিসি' সার্বিক তত্ত্বাবধানে নির্মাণকারী প্রতিষ্ঠান CRRC-SPTTC JV, China এবং CCCE-ETERN JV, China কর্তৃক সফলভাবে সম্পন্ন হয়। নবনির্মিত উপকেন্দ্রসমূহ ও এর আশেপাশের এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে উপকেন্দ্র দুটি নির্মাণ করা হয়েছে।

## কেস ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার চালু

গত ২৭ ডিসেম্বর ২০১৮ ইং তারিখে বিদ্যুৎ ভবনস্থ মুক্তি হলে উদ্বোধন করা হয় ডিপিডিসি'র 'কেস ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যার। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস। সফটওয়্যারটি তৈরিতে সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব জনাব রহমত উল্লাহ্ মোঃ দস্তগীর এনডিসি। বিদ্যুৎ বিভাগের অধীনস্থ সংস্থাসমূহের সকল মামলার তথ্য ও অবস্থা জানার জন্য এবং তদানুযায়ী ব্যবস্থা নেয়ার স্বার্থে কেস ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করা হচ্ছে। বর্তমানে বিদ্যুৎ বিভাগের অধীনস্থ ১৭টি সংস্থা তাদের দ্বারা এবং তাদের বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহের তথ্য সংরক্ষণের জন্য সিস্টেমটি ব্যবহার করছে। এছাড়াও মামলা সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য যেমন- আইনজীবী, বাদী-বিবাদী, সাক্ষী, আদালত, মামলার খরচ প্রভৃতি তথ্য এই সিস্টেমে সংরক্ষণ করা যাবে। সংস্থাসমূহ তাদের মামলাগুলোর পরবর্তী শুনানির তারিখ এবং মামলার পরবর্তী পদক্ষেপ নিয়মিতভাবে এই সিস্টেমে হালনাগাদ করতে পারবে। ফলে মামলা সংক্রান্ত বিভিন্ন রিপোর্ট এই সিস্টেম থেকে তৈরি করা যাবে। বিদ্যুৎ বিভাগ সকল সংস্থার মামলাসমূহ এই সিস্টেম থেকে মনিটর করতে পারবে।

# ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন

| অক্টোবর-২০১৮ থেকে ডিসেম্বর-২০১৮ পর্যন্ত | |
|---|---|
| অভিযান সংখ্যা | ২৮ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ৪৬ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ১০.৬৪ লক্ষ ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ৩ কোটি ১ লক্ষ টাকা |
| আদায়কৃত পেনাল বিল | ১ কোটি ১৭ লক্ষ টাকা |
| আদায়কৃত বকেয়া অর্থ | ৯ কোটি টাকা |
| মালামাল জব্দ | ৩১ টি বৈদুত্যিক মিটার, প্রায় ২০০ টি চার্জার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত প্রায় ২৪০ ফুট তার। |

**এপ্রিল-২০১৮ থেকে জুন-২০১৮ পর্যন্ত অভিযান সমুহের উল্লেখযোগ্য সাফল্য:**

❖ জুরাইন দপ্তরের "নিউ ক্যাসেল ইন্টা: স্কুল" এ ১২.৫৬ লক্ষ টাকার পেনাল বিল।

❖ বাসাবো দপ্তরের "এ. কে. এম লুৎফুর রহমান" এর আবাসিক স্থাপনায় ১৮.৪৪ লক্ষ টাকার পেনাল বিল।

❖ সিদ্ধিরগঞ্জ দপ্তরের ১৪টি অটো গ্যারেজে মিটার টেম্পারিং/ হুকিং/ মিটার বাইপাস এর দায়ে মোট ৭৫.১৪ লক্ষ টাকার পেনাল বিল।

❖ শীতলক্ষ্যা দপ্তরের ১০টি অটো গ্যারেজে মিটার টেম্পারিং/ হুকিং/ মিটার বাইপাস এর দায়ে মোট ৭১.৭৭ লক্ষ টাকার পেনাল বিল।

❖ ফতুল্লা দপ্তরের ৫টি অটো গ্যারেজে মিটার হুকিং/ মিটার বাইপাস এর দায়ে মোট ৩৮.৬৪ লক্ষ টাকার পেনাল বিল।

এছাড়াও উল্লেখিত সময়ে ২য় বার বিদ্যুৎ চুরির দায়ে বিদ্যুৎ আইন-২০১৮ এর ধারা ৪৮ অনুযায়ী নিম্নে উল্লেখিত গ্রাহকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়।

❖ বাসাবো দপ্তরের গ্রাহক এ.কে.এম লুৎফুর রহমান

❖ ফতুল্লা দপ্তরের গ্রাহক মা বাবার দোয়া অটো গ্যারেজ ও লাভলী ফুড এন্ড কনজুমার প্রোডাক্টস

❖ শীতলক্ষ্যা দপ্তরের গ্রাহক গোলাপ পরিবহন, মেহেদী হাসান, এ. এইচ অটো মোবাইল ও আল রহমান ইঞ্জিনিয়ারিং।

# ডিপিডিসি'র সিবিএ নির্বাচন অনুষ্ঠিত

২৫ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর যৌথ দর কষাকষি প্রতিনিধির (সিবিএ) নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে মোট ৩টি কর্মচারী ইউনিয়ন যথাক্রমে– সাইকেল প্রতিক নিয়ে আমিন-হাতেম পরিষদ (রেজি নং-৪৫৭৭), মই প্রতিক নিয়ে মজিবুর-বোরহান পরিষদ (রেজি নং-৩১৬৫) এবং হাতুড়ী প্রতিক নিয়ে মজিবুর-আনোয়ার পরিষদ (রেজি নং-৪৫৮৩) অংশগ্রহণ করে। অডিট দপ্তর প্রাঙ্গণ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকায় সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত উক্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। চূড়ান্ত ফলাফল শেষে আমিন-হাতেম পরিষদ (রেজি নং-৪৫৭৭) এর সাইকেল প্রতিক বিপুল ভোটে জয়লাভ করে।





মো. আমিনুল ইসলাম
সভাপতি



মো. হাতেম আলী
সেক্রেটারি

১ম পৃষ্ঠার পর ডিসেম্বর, ২০১৮ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় ডিপিডিসি'র আওতাধীর এনওসিএস আদাবর এলাকার দ্বীপ নগর (বেড়িবাঁধ) বস্তি ও এনওসিএস তেঁজগাও এলাকার সাত তলা (মহাখালী) বস্তিতে নতুন বিদ্যুৎ সংযোগের কার্যক্রম সংক্রান্ত এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বস্তি এলাকার গ্রাহকদের তাৎক্ষণিক ডিমান্ড নোট প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-এলাহী চৌধুরী বীর বিক্রম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালক (অপারেশন) জনাব এ টি এম হারুন অর রশিদসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে তাৎক্ষণিক ৩৫টি নতুন সংযোগের ডিমান্ড নোট ইস্যু করা হয়। পরবর্তীতে পর্যায়ক্রমে বাকি সকলকে নতুন সংযোগ প্রদান করা হবে।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন যে, এ কার্যক্রম চলমান থাকবে, ভবিষ্যতে ডিপিডিসি'র আওতাধীন সকল বস্তি এলাকায় বিদ্যুতের সংযোগ প্রদানসহ নিরবচ্ছিন্নভাবে মান সম্মত বিদ্যুৎ সরবরাহ করা হবে। নিম্ন আয়ের জনগোষ্ঠীকে সহজে বিদ্যুৎ সুবিধা প্রদানের মাধ্যমে তাদের জীবন যাত্রার মানবৃদ্ধিসহ মৌলিক অধিকার পূরণে সহায়তা করা হবে।

# ডিপিডিসি'র বিভিন্ন দপ্তরের গণশুনানীর খবর



**এনওসিএস মতিঝিল :** গত ১২.১১.২০১৮ খ্রি. তারিখে নির্বাহী প্রকৌশলী শেখ মোঃ জিয়াউল হাসান-এর সার্বিক তত্ত্বাবধানে এনওসিএস মতিঝিল এর গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এনওসিএস (সেন্ট্রাল) এর প্রধান প্রকৌশলী, প্রকৌশলী মো: আমিনুল ইসলাম ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস সার্কেল মতিঝিল-এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী এ. এইচ. এম মহিউদ্দিন ।



**এনওসিএস মগবাজার :** গত ২২.০১.২০১৯ খ্রি. তারিখে নির্বাহী প্রকৌশলী মো: শাহ আলম মিঞা-এর সার্বিক তত্ত্বাবধানে এনওসিএস মগবাজার, ডিপিডিসি-এর গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস (নর্থ) জোন-এর প্রধান প্রকৌশলী সৈয়দ আশরাফ আলী ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস মগবাজার-এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মর্তুজা কামরুল আলম।




**এনওসিএস শীতলক্ষ্যা :** গত ২০.১১.২০১৮ খ্রি. তারিখে নির্বাহী প্রকৌশলী মো: আব্দুল মজিদ-এর সার্বিক তত্ত্বাবধানে এনওসিএস শীতলক্ষ্য, ডিপিডিসি'র গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস (সাউথ) জোনের প্রধান প্রকৌশলী দেওয়ান আবুল কালাম আজাদ ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস ফতুল্লা'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো: কামাল হোসেন এবং চেয়ারম্যান, কাশিপুর ইউনিয়ন পরিষদ ও সভাপতি ফতুল্লা থানা আওয়ামীলীগ জনাব এম সাইফ উল্লাহ বাদল।



**এনওসিএস সাতমসজিদ :** গত ১৪ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ রায়হান আলী মিঞা'র সার্বিক তত্ত্বাবধানে এনওসিএস সাতমসজিদ, ডিপিডিসি'র গণশুনানী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অপারেশন) প্রকৌশলী এ টি এম হারুন আর রশিদ ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনওসিএস নর্থের প্রধান প্রকৌশলী সৈয়দ আশরাফ আলী ও পিএন্ডডি'র প্রধান প্রকৌশলী এসএম শহীদুল ইসলাম এবং সভাপতিত্ব করেন এনওসিএস সাতমসজিদ সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মুহাম্মদ রফিকুল ইসলাম।




ডিপিডিসি'র পক্ষ থেকে মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি প্রদান করা হয়।



ডিপিডিসি'র নবনিযুক্ত নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) জনাব জয়ন্ত কুমার সিকদারকে গত ২২ জানুয়ারি ২০১৯ তারিখে ডিপিডিসি'র পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানান ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

সম্পাদক : **শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
সহ-সম্পাদক : **মো. রতন**, উপ-সহকারী ব্যবস্থাপক, ডিপিডিসি। আলোকচিত্র : কে এম দুলাল। ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯
Website: www.dpdc.org.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১নং আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত